USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

নিসর্গ নেটওয়ার্ক



সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

লাওয়াছড়া জাতীয় উদ্যান

(২০১০-২০১৫)

লাওয়াছড়া জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাপনা কমিটি
কমলগঞ্জ, মৌলভীবাজার

Department of Environment

সূচিপত্র

পার্ট - ১ ঃ বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ			
ক্রমিক নং	**বিষয় বস্তু**	**ঃ**	**পৃষ্ঠা নং**
১.০	ভুমিকা	ঃ	২
১.১	অবস্থান এবং গঠন	ঃ	২
	চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত ত্রলাকাসমূহ	ঃ	৩
	চিত্র ২ঃ লাউছড়া জাতীয় উদ্যানের মানচিত্র	ঃ	৪
	চিত্র ৩ ঃ লাউছড়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপ এলাকার মানচিত্র	ঃ	৫
১.২	পরিকল্পনা ও চ্যালেঞ্জ সমূহ	ঃ	৬
২.০	জীববৈচিত্র্য সংরক্ষনের বৈশিষ্ট্যসমূহ	ঃ	৭
২.১	জীববৈচিত্র্যের গুর ত্ব	ঃ	৭
২.২	জীববৈচিত্র্য সংরক্ষনের উপকারিতা	ঃ	৭
২.৩	বন্যপ্রানী সংরক্ষন	ঃ	৭-৮
২.৪	বনাঞ্চলের সীমারেখা	ঃ	৮
২.৫	বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা	ঃ	৮
৩.০	জীববৈচিত্র্য এবং আবাসস্থল	ঃ	৯
৩.১	বনাঞ্চল	ঃ	৯
৩.২	উদ্ভিদ/বন্যপ্রানী	ঃ	৯
৩.৩	বনাঞ্চল ভিত্তিক পন্য	ঃ	৯
৩.৪	জীববৈচিত্র্যের ব্যবহার	ঃ	৯
৪.০	জীববৈচিত্র্যের ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা	ঃ	৯
৪.১	বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতি সমূহ ঃ	ঃ	৯-১০
৪.২	বন্যপ্রানী ব্যবস্থাপনা	ঃ	১০
৪.৩	জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষনাবেক্ষন এবং পুনর দ্ধার	ঃ	১০
৪.৪	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	১০-১১
৪.৫	বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পন্য ব্যবস্থাপনা	ঃ	১১
৪.৬	প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমুহ	ঃ	১১
৫.০	ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা	ঃ	১১
৫.১	ল্যান্ডস্কেপ এ্যাপ্রোচ	ঃ	১১
৫.২	রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	১১-১২
৫.৩	ভুমি ব্যবহার এর বর্তমান অবস্থা	ঃ	১২
৫.৪	সংলগ্ন গ্রাম সমুহ	ঃ	১২-১৩
৫.৫	ষ্টেকহোল্ডার বিশে- ষণ	ঃ	১৩
৫.৬	কৃষি জমি এবং বসতভিটার ব্যবহার	ঃ	১৩
৫.৭	বনভূমির অবৈধদখল	ঃ	১৩
পার্ট - ২ ঃ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশ সমূহ			
১.০	সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার কৌশলগত দিক এবং বাস্ড়বায়ন সুপারিশমালা	ঃ	১৫
১.১	ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং কৌশলসমূহ	ঃ	১৫-১৬
১.২	সহ-ব্যবস্থাপনা পদ্ধতি	ঃ	১৬

১.২.১	সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্যসমুহ	ঃ	১৬
১.২.২	সহ-ব্যবস্থাপনা সংগঠন সমুহ	ঃ	১৬-১৭
১.২.৩	সুবিধাসমুহের বন্টন এবং সহ-ব্যবস্থাপনা চুক্তি	ঃ	১৭
১.২.৪	ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল	ঃ	১৭
২.০	আবাসস্থল পুনরুদ্ধার কর্মসুচি	ঃ	১৮
২.১	উদ্দেশ্যসমুহ	ঃ	১৮
২.২	বর্তমান জলাভূমি এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করন	ঃ	১৮
২.৩	সীমানা চিহ্নিতকরন	ঃ	১৮
২.৪	অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/পানি সেচা/পশু চরানো নিয়ন্ত্রন করা	ঃ	১৮
৩.০	ব্যবস্থাপনা কার্যক্রম	ঃ	১৯
৩.১	ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.২	রক্ষিত এলাকার মুল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.২.১	আবাসস্থল উন্নয়ন কার্যক্রম	ঃ	১৯
৩.২.১.১	এনরিচমেন্ট প-ান্টেশন	ঃ	১৯
৩.২.১.২	ঘাস জমির উন্নয়ন	ঃ	১৯
৩.২.১.৩	জলাশয় রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.২.১.৪	বিশেষ ধরনের আবাসস্থল রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.২.২	আবাসস্থল পুনরুদ্ধার কার্যক্রম	ঃ	১৯
৩.২.২.১	ওয়াটারশেড ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.২.২.২	পরিবেশ বান্ধব কর্মকান্ড পুনরুদ্ধার	ঃ	১৯
৩.৩	ল্যান্ডস্কেপ অঞ্চল	ঃ	২০
৩.৩.১	বাফার রিজার্ভ উপ-অঞ্চল	ঃ	২০
৩.৩.২	ট্রান্সর্পোটেশন করিডোর উপ- অঞ্চল	ঃ	২০
৩.৩.৩	টি স্টেট উপ- অঞ্চল	ঃ	২০
৪.০	জীবীকায়ন এবং ভ্যালু চেইন কর্মসূচী	ঃ	২০
৪.১	উদ্দেশ্য	ঃ	২০
৪.২	ভেলু চেইন এবং কনর্জারভেশন এন্টারপ্রাইজ	ঃ	২০
৪.২.১	কৃষি এবং উদ্যান বিষয়ক	ঃ	২০
৪.২.১.১	সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা	ঃ	২০
৪.২.১.২	উচ্চফলনশীল ফসলের চাষাবাদ	ঃ	২০
৪.২.১.৩	ভিলেজ/কমিউনিটি নার্সারী	ঃ	২০
৪.২.২	মৎস্য	ঃ	২১
৪.২.৩	বাঁশ সম্পদ উন্নয়ন	ঃ	২১
৪.২.৪	হস্ড়শিল্প এবং তাঁতশিল্প	ঃ	২১
৪.২.৫	উন্নত চুলা	ঃ	২১
৫.০	অবকাঠামো উন্নয়ন কর্মসুচী	ঃ	২১
৫.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২১
৫.২	সুবিধাদি	ঃ	২১
৫.৩	বনে রাস্ড়া/ট্রেইল নির্মান ও সংস্কার	ঃ	২১-২২
৬.০	দর্শনাথীর ব্যবস্থাপনা কর্মসূচি	ঃ	২২

৬.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২২
৬.২	পাকিং স্পট সংস্কার এবং সম্প্রসারন	ঃ	২২
৬.৩	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২২
৬.৩.১	পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরন	ঃ	২২
৬.৩.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২২
৬.৩.২.১	প্রবেশ ফি	ঃ	২২
৬.৩.২.২	প্রকৃতি এবং হাইকিং ট্রেইল	ঃ	২২
৬.৩.২.৩	পিকনিকের জন্য সুবিধাদি	ঃ	২২-২৩
৬.৩.২.৪	কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.৩.২.৫	পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রন	ঃ	২৩
৬.৪	সংরক্ষন বিষয়ক শিক্ষা ও সচেতনতা	ঃ	২৩
৬.৪.১	পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম	ঃ	২৩
৬.৪.২	পরিবেশ বিষয়ক শিক্ষা	ঃ	২৩-২৪
৭.০	কমিউনিটি মনিটরিং সক্ষমতা বৃদ্ধিকরন কর্মসূচী	ঃ	২৪
৭.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৪
৭.২	সংরক্ষন বিষয়ক মনিটরিং	ঃ	২৪
৭.৩	সংরক্ষন বিষয়ক প্রশিক্ষন	ঃ	২৪
৮.০	প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী	ঃ	২৪
৮.১	উদ্দেশ্যসমূহ	ঃ	২৪
৮.২	স্টাফিং	ঃ	২৪-২৫
৮.৩	দায়িত্ব ও কর্তব্য সমূহ	ঃ	২৫
৯.০	বাজেট	ঃ	২৫
৯.১	প্রয়োজনীয় ইনপুট এবং নির্দেশক বাজেট প্রাক্কলন	ঃ	২৫
৯.২	বাজেট পরিবর্তন/পরিমার্জন	ঃ	২৫
১০.০	সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলোর ধারাবাহিকতার বজায় রক্ষার কৌশল	ঃ	২৫
১০.১	আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্মপরিকল্পনা প্রনয়ন	ঃ	২৫
১০.২	ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন	ঃ	২৫-২৬
১০.৩	দীর্ঘমেয়াদী এবং সমন্নিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা	ঃ	২৬
১০.৪	‘নিসর্গ নেটওয়ার্কের’ পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরন	ঃ	২৬
১০.৫	মত বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন	ঃ	২৭
১১.০	জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজন পরিকল্পনা	ঃ	২৭
১১.১	জলবায়ু পরিবর্তনের কারণসমূহ	ঃ	২৭
১১.২	লাউয়াছড়া জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ	ঃ	২৭
১১.৩.১	অতি বৃষ্টিপাত	ঃ	২৭
১১.৩.২	নদীর ক্ষীণ প্রবাহ	ঃ	২৭
১১.৩.৩	আকস্মিক বন্যা	ঃ	২৭
১১.৩.৪	খরার প্রকোপ	ঃ	২৮
১১.৩.৫	ঝড় ঝঞ্ঝা	ঃ	২৮
১১.৩.৬	নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন	ঃ	২৮
১১.৪	জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে লাউয়াছড়া জাতীয় উদ্যান এবং এর ল্যান্ডস্কেপের জন্য করণীয় অভিযোজন সমূহ	ঃ	২৮

১১.৪.১	ঝড় ঝঞ্ঝা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত জনিত কৃষি ঝুঁকির অভিযোজন	ঃ	২৮
১১.৪.২	পানির ঝুঁকির অভিযোজন	ঃ	২৮-২৯
১১.৪.৩	স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৪	উন্নয়ন ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৫	খরা ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৫	অভিযোজনের উপায়সমূহ	ঃ	২৯
১১.৬	লাউয়াছড়া জাতীয় উদ্যানের জন্য অভিযোজন পরিকল্পনা	ঃ	৩০-৩৭
	পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)	ঃ	৩৮-৪৫

পার্ট - ১

বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমহ

১.০ ভূমিকা ঃ

প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় দীর্ঘকালের চলে আসা প্রথাগত পদ্ধতির নানা দূর্বলতা দিন দিন প্রকাশ পাচ্ছে। বিশ্বের বিভিন্ন দেশে বিশেষ করে উন্নয়নশীল বিশ্বে প্রাকৃতিক সম্পদ রক্ষায় সহ-ব্যবস্থাপনা পদ্ধতি আশার সঞ্চার করেছে এবং প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় এ পদ্ধতি আদর্শ মডেল হিসেবে স্বীকৃতি লাভ করছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ বিশেষ করে রক্ষিত বন এলাকার সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনায় এ পদ্ধতির প্রবর্তন এক যুগান্ড়কারী পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে, যার ফলে প্রকৃতি ও জীববৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থার উন্নতির পাশাপাশি দারিদ্র্য বিমোচনের লক্ষ্যও অর্জিত হচ্ছে। রক্ষিত এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ এবং প্রতিবেশ ব্যবস্থার টেকসই উন্নয়ন ও সুশাসন নীতির ভিত্তিতে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক ন্যায় বিচার ভিত্তিক অংশিদারিত্ব মূলক বন্টন ব্যবস্থা নিশ্চিত করতে একটি অর্জনযোগ্য পরিকল্পনা প্রণয়ন ও এর সুষ্ঠু বাস্ড়বায়ন আবশ্যক। সহ-ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠী, সম্পদ ব্যবহারকারী ও অন্যান্য স্টেকহোল্ডারগন সরকারের পাশাপাশি সম্পদ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পরিকল্পনা প্রনয়ন, সিদ্ধান্ড় গ্রহন ও সুষ্ঠু বাস্ড়বায়নে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে। লাউয়াছড়া জাতীয় উদ্যানের সম্পদ ব্যবস্থাপনায় দীর্ঘমেয়াদী সফলতা লাভ করার উদ্দেশ্যে তৃনমূল থেকে মতামত গ্রহন করে লাউয়াছড়া জাতীয় উদ্যান সহ-ব্যবস্থাপনা সংগঠন পাঁচ বছর মেয়াদী এ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করেছে।

যাইহোক লাউয়াছড়া জাতীয় উদ্যানের জন্য গঠিত সহ-ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বল্প মেয়াদী (চার দিন) প্রশিক্ষনের মাধ্যমে প্রনীত এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা, যা আইপ্যাক প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মীদের (Performance Monitoring and Applied Research Associate) সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেছেন। এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা লাউয়াছড়া জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা এবং উন্নয়নের দিক নির্দেশনা হিসাবে বিবেচিত হতে পারে।

১.১ অবস্থান ও গঠন

লাউয়াছড়া জাতীয় উদ্যান মূলতঃ পশ্চিম ভানুগাছ সংরক্ষিত বনের একটি বড় অংশ। এ উদ্যান মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার ৫নং কমলগঞ্জ ও মাধবপুর ইউনিয়ন এবং শ্রীমঙ্গল উপজেলার কিছু অংশ নিয়ে গঠিত। ১৯৯৬ সালে সরকারী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে ১২৫০ হেক্টর আয়তনের এ বনকে সরকার 'জাতীয় উদ্যান' হিসেবে ঘোষণা করে এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব 'বন্যপ্রাণি ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ; সিলেটের উপর ন্যাস্ড় হয়। এ উদ্যান ঢাকা শহর থেকে প্রায় ১৯৬ কিলোমিটার উত্তর-পূর্বে এবং সিলেট শহর থেকে প্রায় ৬০ কিলোমিটার দক্ষিণে অবস্থিত এবং ২৪০৩০' - ২৪০৩২' (উঃ) অক্ষাংশ ও ৯১০৩৭' - ৯১০৪৭' (পূর্ব) দ্রাঘিমাংশ পর্যন্ড় বিস্ড়ৃত। এ উদ্যানের ভিতর দুটি খাসিয়াপুঞ্জিসহ উদ্যানের পাশ ঘেষে ৬টি টি-এস্টেট/চা বাগান এবং আশে-পাশে ৩০টি গ্রাম রয়েছে। শ্রীমঙ্গল উপজেলা সদর হতে এর দূরত্ব প্রায় ৮ কিলোমিটার।

লাউয়াছড়ার এ উদ্যানটি সিলেটের পাহাড়ী বনকে প্রতিনিধিত্ব করে। এটা মূলতঃ চিরহরিৎ ও মিশ্রচিরহরিৎ বন। লাউয়াছড়া উদ্যান এবং এর সাথে সম্পৃক্ত এলাকায় ছয় প্রকারের ভূমির ব্যবহার সনাক্ত করা যায়। যেমন: ১) উচ্চ বনভূমি যার অধিকাংশ প্রাকৃতিক বনের অংশ ২) একক বা মিশ্র প্রজাতির সৃজিত বন ৩) তৃণভূমি ও বাঁশবন ৪) জলাভূমি ৫) চা বাগান ও ৬) চাষাবাদযোগ্য জমি। এ উদ্যান জুড়ে রয়েছে বৃষ্টির পানিতে সৃষ্টি হওয়া বেশ কিছু ক্ষুদ্র জলপ্রবাহ, আঞ্চলিকভাবে যা 'ছড়া' নামে পরিচিত।



চিত্র - ১: আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকাসমূহ



চিত্র - ২: লাউয়াছড়া জাতীয় উদ্যানের মানচিত্র



চিত্র - ৩ ঃ লাউয়াছড়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপ এলাকার মানচিত্র

১.২ পরিকল্পনার উদ্দেশ্য ও চ্যালেঞ্জ সমূহ

সহ-ব্যবস্থাপনার মাধ্যমে লাউয়াছড়া জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য সংরক্ষণ, সুষ্ঠু ব্যবস্থাপনা এবং উদ্যানে বিদ্যমান সম্পদের ওপর নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বন-নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের প্রধান উদ্দেশ্য।

উদ্দেশ্য সমূহ

- সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে টেকসই ও স্থায়ী রূপ দেয়া, বনের উপর নির্ভরশীল জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও জীব-বৈচিত্র্য সংরক্ষণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা
- বর্তমান উদ্ভিদ ও প্রাণিকুল টিকিয়ে রাখার স্বার্থে তাদের আবাসস্থল সংরক্ষণ করা, খাদ্য ও পানির প্রাপ্যতা এবং প্রজনন কার্যক্রম নিশ্চিত করা
- এনরিচমেন্ট বাগান সৃজনের মাধ্যমে বিপন্ন ও বিরল প্রজাতির উদ্ভিদ/প্রাণী সংরক্ষণের ব্যবস্থা করা
- অবহেলিত ও অতি দরিদ্র বিশেষ করে নারীদের সমানভাবে সুযোগ প্রদান করা
- পর্যটকদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধার উন্নয়ন ও বৃদ্ধি করা
- পতিত ও প্রান্তিক ভুমিকে বন সৃজনের আওতায় আনা ও বনজ সম্পদ বৃদ্ধি করা
- বাফার এলাকায় সামাজিক বনায়ন সৃজনের মাধ্যমে বনের আশেপাশে বসবাসকারী দরিদ্র জনগনকে বনের সাথে সম্পৃক্ত করা।

চ্যালেঞ্জ সমূহ ঃ

- সংঘবদ্ধ চক্রের মাধ্যমে জাতীয় উদ্যান হতে বৃক্ষ নিধন ও পাচার
- স্থানীয় প্রভাবশালী ও স্বার্থান্বেষী মহলের মাধ্যমে বনভূমির অব্যহত বেদখল বা জবর দখল
- লাউয়াছড়া জাতীয় উদ্যানের চার পাশে অবস্থিত চা বাগানের শ্রমিক পরিবারগুলোতে জনসংখ্যা অব্যাহত ভাবে বৃদ্ধি ও ক্রমবর্দ্ধমান বেকারত্বের মাধ্যমে উদ্যানের সম্পদের ওপর চাপ সৃষ্টি
- উদ্যানের ভিতর দিয়ে ট্রেন চলাচল ও অন্যান্য যান্ত্রিক যানবাহন যাতায়তের মাধ্যমে বন্যপ্রাণীর স্বাভাবিক বিচরণে বিঘ্ন সৃষ্টি
- লাউয়াছড়া জাতীয় উদ্যান ও সংশি-ষ্ট ল্যান্ডস্কেপ এলাকায় উন্নয়ন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কর্মকান্ড পরিচালনার জন্য প্রয়োজনীয় তহবিলের স্বল্পতা
- বনবিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল, পরিবহন ও উপকরণের স্বল্পতা এবং আধুনিক বন ব্যবস্থাপনায় বনকর্মীদের প্রয়োজনীয় দক্ষতার অভাব
- জাতীয় উদ্যানের সম্পদ ব্যবস্থাপনা ও সংরক্ষণ কার্যক্রমে প্রভাবশালী গোষ্ঠী ও পেশি শক্তির প্রভাব
- লাউয়াছড়ার আশে পাশে ইটভাটা ও 'স' মিল এর সংখ্যা বৃদ্ধি পাওয়া
- ভূমির ব্যবহার পরিবর্তনের মাধ্যমে বনভুমিকে ক্রমান্বয়ে কৃষি জমিতে রূপান্ড়রের প্রচেষ্টা

২.০ জীববৈচিত্র্য সংরক্ষণের বৈশিষ্ট্য সমূহঃ

জীববৈচিত্র্য প্রতিবেশের অবিচ্ছেদ্য অংশ। এদের ছাড়া পরিবেশ ও প্রতিবেশ কল্পনাও করা যায় না। জীববৈচিত্র্য যে কোন নিদিষ্ট বাস্তুতন্ত্রের খাদ্য শৃঙ্খলের প্রধান নিয়ামক। এদের ছাড়া খাদ্য উৎপাদন, পচন এবং পুনরায় খাদ্য শৃঙ্খলে ফিরে আসা অসম্ভব। বাস্তুতন্ত্রের সকল জীব ও জড় উৎপাদনের ধারাবাহিকতা ঠিক রাখতে জীববৈচিত্র্য গুর"ত্বপূর্ণ ভুমিকা পালন করে। জীববৈচিত্র্য বিনষ্ট হলে মানুষের অস্ড়িত্বও হুমকীর মধ্যে পড়বে।

২.১ জীববৈচিত্র্যের গুর"ত্ব

- লাউয়াছড়া জাতীয় উদ্যানটি জীববৈচিত্র্যে এতই ভরপুর যে, এটি উত্তর-পূর্ব উপ-মহাদেশের আদর্শিক বনের প্রতিনিধিত্ব করে
- একটি নৃ-তাত্তিক জনগোষ্ঠীর দূইটি পুঞ্জির ৭৩টি পরিবার এ উদ্যানের ভিতর বসবাস করে এবং তাদের জীবন ও জীবিকা সম্পূর্নভাবে উদ্যানের ওপর নির্ভরশীল
- এটি আঞ্চলিক জলাধার হিসাবে বিশাল ভূমিকা রাখে, যেমন-হাইল হাওরের নাব্যতা অনেকাংশে লাউয়াছড়া ও আশে-পাশের বনের উপর নির্ভরশীল
- এ উদ্যান অতি বিরল প্রজাতির উল-ুকের ১৮টি পরিবারের গুর"ত্বপূর্ণ আবাস, এদেরকে কেবলমাত্র বিশ্বের ০৪ টি দেশে দেখতে পাওয়া যায়
- বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব প্রশমন ও অভিযোজনে এ উদ্যান গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২.২ জীববৈচিত্র্য সংরক্ষণের উপকারিতা

- উদ্যানের ভিতরে বসবাসরত দু'টি নৃ-তাত্তিক জনগোষ্ঠি ও এর আশে-পাশে ২৮টি গ্রামের হতদরিদ্র জনগোষ্ঠী তাদের জীবন ও জীবিকায়নে উদ্যানের ওপর সম্পূর্ণভাবে নির্ভরশীল
- বৃষ্টির পানিতে সৃষ্টি হওয়া এ উদ্যানের ছড়াগুলি আঞ্চলিক জলাধার রক্ষায় কার্যকরী ভূমিকা রাখে
- অতিবিপন্ন / বিরল প্রজাতির উল-ুক সহ গুর"ত্বপূর্ণ জীববৈচিত্র্য সংরক্ষণে এ উদ্যান ভূমিকা রাখছে
- বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের প্রকৃতি ও জীববৈচিত্র্য প্রেমিকদের জন্য একটি উলে-খযোগ্য শিক্ষা কেন্দ্র হিসেবে এ উদ্যান পরিগনিত হচ্ছে
- উদ্যানকে কেন্দ্র করে নৃ-তাত্তিক জনগোষ্ঠীর নিজস্ব সংস্কৃতি সংরক্ষিত হচ্ছে
- এ উদ্যানকে কেন্দ্র করে স্থানীয়ভাবে পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্রিক জীবিকার উন্মেষ ঘটছে।

২.৩ বন্যপ্রাণী সংরক্ষণ

'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী বনবিভাগ কর্তৃক এই জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও সম্পদ সংরক্ষণ করা হচ্ছে।

বাধা সমূহ ঃ

- চোরা শিকারী কর্তৃক ফাঁদ বা অন্য কোন প্রক্রিয়ায় জাতীয় উদ্যানে বন্যপ্রাণী শিকার
- কৃষি কাজের জমি তৈরী বা পান চাষের জন্য বনে আগুন দেওয়া হয়। এর ফলে বন্যপ্রাণী আতঙ্কিত হয় এবং তাদের স্বাভাবিক জীবনযাত্রাও ব্যহত হয়

- বন্যপ্রাণীর খাবার সরবরাহকারী উদ্ভিদ প্রজাতির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে, ফলে সৃষ্ট খাবার সংকটের কারনে বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করছে অতঃপর মানুষের হাতে ধরা পড়ে প্রাণ হারাচ্ছে
- পর্যাপ্ত বনাচ্ছাদন না থাকায় এবং বিশেষ বন্যপ্রাণীর প্রয়োজনীয় বিশেষ বিশেষ প্রজাতির গাছ এবং বড় গাছের সংখ্যা কমে যাওয়ায় আবাস্থলের সংকট ক্রমেই প্রকট হচ্ছে
- বনের অভ্যন্ড়রে বিভিন্ন সম্পদ সংগ্রহ ও অন্য নানাবিধ প্রয়োজনে মানুষের অনুপ্রবেশ বাড়ছে এবং এটা বণ্যপ্রাণীর স্বাভাবিক বিচরণ বাধাগ্রস্থ করছে
- অবৈধ বৃক্ষ নিধন প্রক্রিয়া অব্যহত থাকায় বন্যপ্রাণীর আবাস্থল ও খাদ্যের সংকট হচ্ছে
- অবৈধ জবর দখল প্রক্রিয়া চলমান থাকায় দিন দিন বনভূমি সংকুচিত হচ্ছে এবং বন্যপ্রাণীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়ছে।

২.৪ বনাঞ্চলের সীমারেখা

লাউয়াছড়া জাতীয় উদ্যানটি পশ্চিম ভানুগাছ সংরক্ষিত বনের একটি বড় অংশ। ১২৫০ হেক্টরের এ জাতীয় উদ্যান দক্ষিণ থেকে উত্তর-পূর্ব দিকে বিস্ড়ৃত উত্তরে চাউতলী ও কালাছড়া বন বিট; উত্তর-পূর্ব কোনে বালিগাঁও ও বাগমারা; পূর্বে ফুলবাড়ী চা-বাগান, লঙ্গুরপাড়, ভাষানীগাঁও; পশ্চিমে ভাড়াউড়া চা বাগান, উত্তর-পশ্চিমে গারোবস্ড়ি ও ঘিলাছড়া চা বাগান এবং দক্ষিনে ডলূবাড়ি ও রাধানগর এ জাতীয় উদ্যানের সীমানা।

২.৫ বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা ঃ

লাউয়াছড়া জাতীয় উদ্যানটি বিভিন্ন প্রজাতির গাছ ও বিরল প্রজাতি সহ অসংখ্য জীব-জন্তুতে ভরপুর

- জাতীয় উদ্যান এলাকা ক্রান্ড়ীয় উষ্ণমন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন এর অন্ড়র্ভূক্ত
- এতে অনেক গুলি উচুঁ-নীচু টিলা রয়েছে যা সিলেটের পাহাড়ী বনের প্রতিনিধিত্ব করে
- উদ্যান এলাকার মাটি মূলতঃ পাহাড়ী বাদামী বর্নের, বেলে-দোআঁশ প্রকৃতির এবং অম্লীয় তবে অম্ল-ত্বের মাত্রা স্থানভেদে কম-বেশী হয়। এখানকার মাটি অপেক্ষাকৃত কম উর্বর কিন্তু আর্দ্র উষ্ণমন্ডলীয় আবহাওয়ার পতিত লতা-পাতার পচন দ্রুত ঘটে বিধায় মাটির উপরিভাগ অপেক্ষাকৃত হিউমাস সমৃদ্ধ।

৩.০ জীববৈচিত্র্য এবং আবাসস্থল ঃ

৩.১ বনাঞ্চল

লাউয়াছড়া জাতীয় উদ্যানটি মূলতঃ একটি ক্রান্ড্রীয় উষ্ণমন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন। এ বনকে সংরক্ষিত বন হিসেবে ঘোষণা করার আগে এখানে জুম চাষ করা হত। বর্তমানে উদ্যানটি প্রাকৃতিক ও সৃজিত বৃক্ষে সমৃদ্ধ। এখানে চাপালিশ, জাম, সেগুন, আগর, রক্তনসহ বহু মূল্যবান গাছ এবং অতি বিপন্ন ও বিরল প্রজাতির উল্লুক, লজ্জাবতী বানর, চশমাপরা হনুমান, মায়া হরিনসহ বিভিন্ন প্রজাতির পশু-পাখি আছে।

৩.২ উদ্ভিদ/বন্যপ্রাণী সমূহ

উদ্যানটিতে সেগুন, চাপালিশ, আগর, রক্তনসহ মোট ১৬৭ প্রজাতির উদ্ভিদ, ০৪ প্রকার উভচর প্রাণী, ৬ প্রজাতির সরিসৃপ, ২৪৬ প্রজাতির পাখি এবং ২০ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রাণী রয়েছে।

৩.৩ বনাঞ্চল ভিত্তিক পন্য সমূহ

লাউয়াছড়া জাতীয় উদ্যানে উৎপাদিত পন্যসমূহ বনের ওপর নির্ভরশীল হতদরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বনে উৎপাদিত উলে-খযোগ্য পন্যগুলি হল ঃ
ঘর ও আসবাবপত্র তৈরির কাঠ, জ্বালানী কাঠ, ঔষধি গাছ, বাঁশ ও বেত, অর্কিড, মধু, বিভিন্ন প্রকার ফল ফলাদি।

৩.৪ জীববৈচিত্র্যের ব্যবহার

লাউয়াছড়া জাতীয় উদ্যানের চারপাশে বিশাল জনগোষ্ঠী বসবাস করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পাশাপশি জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এ বন থেকে নিয়মিত জ্বালানি কাঠ, বাঁশ, বেত, মধু ইত্যাদি সংগ্রহ করে। যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানকার উৎপাদিত পন্য দেশের বিভিন্ন জায়গায় সহজে পরিবহন ও সরবরাহ করা যায়।

৪.০ জীববৈচিত্র্য ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ

৪.১ বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতি সমূহ

- বর্তমানে এ জাতীয় উদ্যানটি সহ-ব্যবস্থাপনার পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। 'নিসর্গ সহায়তা প্রকল্পের' সহায়তায় এখানে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হয়। বর্তমানে 'নিসর্গ নেটওয়াক' এর আওতায় সহ-ব্যবস্থাপনার মাধ্যমে এর বর্তমান কার্যক্রম পরিচালিত হচ্ছে। সরকার প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। এক্ষেত্রে, অংশগ্রহণ ও সহযোগিতার ভিত্তি হচ্ছে, রক্ষিত এলাকা/প্রাকৃতিক বন ও জলাভূমি থেকে প্রাপ্ত সুফল বা উপকার সকল অংশগ্রহণকারী ও সহযোগীদের মধ্যে সুষম বণ্টন এবং সিদ্ধান্ড়গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশগ্রহনের নিশ্চয়তা। অংশগ্রহণ ও সহযোগীতার মাধ্যমে প্রাকৃতিক বন সংরক্ষণের এ প্রক্রিয়াটিকে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি বলা হয়। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে লাউয়াছড়া জাতীয় উদ্যানের ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে একটি সহ-ব্যবস্থাপনা সংগঠন নিয়োজিত আছে। এ সংগঠন দ্বিতীয় স্ড়র বিশিষ্ট। প্রথম স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কাউন্সিল' যা নীতি নির্ধারণী স্ড়র হিসেবে কাজ করে এবং দ্বিতীয় স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কমিটি' যা নীতিমালার আলোকে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়ন করে।

- ‘বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪’ এর নির্দেশনা অনুযায়ী বন অধিদপ্তরের ‘বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট’ এ উদ্যানের ব্যবস্থাপনায় করণীয় ভূমিকা পালন করে।
- উলে-খিত আইন অনুযায়ী, লাউয়াছড়া জাতীয় উদ্যানের ১২৫০ হেক্টরের সীমানার মধ্যে কোন প্রকার বনজ দ্রব্য আহরণ, পরিবহন ও অপসারণ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ

৪.২ বন্যপ্রাণী ব্যবস্থাপনা

‘বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪’ অনুযায়ী বনবিভাগের অধীন ‘বন্যপ্রানী এবং প্রাকৃতিক সম্পদ ব্যবস্থা বিভাগ’ সিলেট বনবিভাগ কর্তৃক এই জাতীয় উদ্যানের বন্যপ্রাণী ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।

৪.৩ জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধার

১৯২৭ সাল থেকে পাহাড়ী বনকে সংরক্ষিত বনাঞ্চল হিসেবে ঘোষণা করার কার্যক্রম শুরু হয়। ফলে আবাসস্থল রক্ষার প্রয়োজনে বন বিভাগ অবৈধ বৃক্ষ নিধন, বন্যপ্রাণী শিকার, বনে আগুন দেয়া ইত্যাদি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহন করে। জাতীয় উদ্যান হিসেবে স্বীকৃতি লাভের পর এ বন ব্যবস্থ্যাপনার দায়িত্ব ‘বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট’ ওপর ন্যস্ড় হয় এবং তখন থেকে প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধারে বিভাগটি নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হওয়ায় বর্তমানে অংশিদারিত্বের ভিত্তিতে বাফার বনায়ন/ সামাজিক বনায়ন সৃষ্টি করে জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধারের চেষ্টা চলছে।

৪.৪ পরিবেশ বান্ধব পর্যটন

লাউয়াছড়া জাতীয় উদ্যান প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত হওয়ায় এবং এর যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানে পরিবেশ বান্ধব পর্যটনের উজ্জ্বল সম্ভাবনার ক্ষেত্র উম্মোচিত হয়েছে। সহ-ব্যবস্থাপনা কাউন্সিল ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করায় এবং উদ্যানের অভ্যন্ড়রে ও বাইরে নানাবিধ পরিবেশ বান্ধব পর্যটন সুবিধার বিস্ড়ার ঘটায় ইতিমধ্যে এখানে উলে-খযোগ্য সংখ্যক দেশী-বিদেশী পর্যটকের আগমন ঘটছে এবং এ খাত হতে নভেম্বর, ২০০৯ থেকে ২৫ জুন, ২০১১ পর্যন্ড় আয় হয়েছে ৩৭,০৩,২৭০/- টাকা। সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী, এ জাতীয় উদ্যানে পর্যটন সুবিধা হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর সহ-ব্যবস্থাপনা কমিটিকে বিভাগীয় বন কর্মকর্তার মাধ্যমে প্রদান করা হয়। এ অর্থ দ্বারা সহ-ব্যবস্থাপনা কমিটি উদ্যান ও তৎসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকার সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজে ব্যায় করতে পারে। অর্জিত সরকারী রাজস্ব হতে সহ-ব্যবস্থাপনা সংগঠন তথা স্থানীয় জনসাধারনকে ভাগ প্রদানের ঘটনা আমাদের দেশে নজিরবিহীন। লাউয়াছড়া জাতীয় উদ্যান কেন্দ্রিক ২ টি ইকো কটেজ, ৩ টি টুরিস্ট শপ, পিকনিক স্পট, গাড়ি পার্কিং স্থান, টয়লেট সুবিধা, পানি সরবরাহ, টুরিস্টশেড, বসার বেঞ্চ ইত্যাদি তৈরী করা হয়েছে। এখানে ২৩ জন প্রশিক্ষিত ইকো-ট্যুর গাইড আছে। এছাড়া পর্যটকদের নিরাপত্তা বিধানের জন্য নিয়োজিত আছে টুরিস্ট পুলিশ ।

৪.৫ বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পণ্য ব্যবস্থাপনা

সরকার পূর্বে নির্দিষ্ট অংকের রাজস্ব গ্রহনের বিনিময়ে বন হতে উৎপাদিত পণ্য আহরণের বন্দোবস্ড় প্রদান করত। কিন্তু বর্তমানে সুনির্দিষ্ট নীতিমালার অভাবে এ সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা সম্ভব হচ্ছেনা। বনের ভিতর ও আশে-পাশের বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকায়নের প্রয়োজনে এ সম্পদসমূহ আহরন করে।

৪.৬ প্রতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমূহ

- লাউয়াছড়া জাতীয় উদ্যানের ম্যাপ নিয়মিতভাবে হাল নাগাদ না করা
- নিয়মিত বা নির্ধারিত বিরতিতে বনশুমারী না করা
- বন বিভাগের প্রয়োজনীয় জনবলের অভাব
- বন বিভাগের প্রয়োজনীয় পরিবহন ও আধুনিক উপকরণের স্বল্পতা
- বন কর্মীদের আধুনিক বন ব্যবস্থাপনা সম্পর্কিত দক্ষতার অভাব
- যৌথ বন টহল দলের সদস্যদের মাঝে পারস্পরিক আস্থার অভাব
- সরকারী অন্যান্য নিরাপত্তা বাহিনীর সাথে বন বিভাগের কার্যকরী যোগাযোগের অভাব
- কমিউনিটি পেট্রলিং গ্রুপ জন্য অপ্রতুল আর্থিক সুযোগ-সুবিধা
- কার্যকর সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠিত হওয়ার মত সময় প্রদান।

৫.০ ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা ঃ

৫.১ ল্যান্ডস্কেপ এপ্রোচ

ল্যান্ডস্কেপ পন্থা হল এমন একটি পন্থা যার মাধ্যমে উদ্যান ব্যবস্থাপনা কার্যক্রম শুধুমাত্র উদ্যানের অভ্যন্ড়রের সম্পদ, জীববৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদি নির্ভর না হয়ে উদ্যান ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান সকল উপাদান অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত আবাসস্থল/বন, প্রতিবেশ ব্যবস্থা, নির্ভরশীল জনগোষ্ঠী, সামাজিক/প্রতিষ্ঠানিক ব্যবস্থাকে যথাযথ গুরুত্ব প্রদান এবং পরস্পর সমন্বয় সাধনের মাধ্যমে ব্যবস্থাপনা পদ্ধতি প্রনয়ন পূর্বক তা বাস্ড়বায়ন করা।

৫.২ রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা

- রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকায় মূলতঃ ব্যাক্তি মালিকানাধীন জমি এবং খাস জমি যা স্থানীয় জনসাধারন কৃষি কাজে ব্যবহার করে থাকে। কৃষিজ ফসলের এ ধরনের ক্ষেতগুলি কিছু দুগ্ধপোষী, পাখি, সরীসৃপের গুরুত্বপূর্ণ আবাসস্থল এবং বর্ষা মৌসূমে বৃষ্টির পানিতে এর কিছু অংশ প-াবিত হয়।
- বন বিভাগ ও অন্যান্য সরকারী/বেসরকারী সংস্থা কর্তৃক সৃষ্ট সামাজিক বন, স্ট্রীপ বন, উডলট ও ব্যক্তি মালিকানাধীন বন।
- স্থানীয় অধিবাসীদের বসতভিটা।
- লাউয়াছড়া জাতীয় উদ্যানের উত্তর, পশ্চিম, দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব প্রান্ড় জুড়ে রয়েছে ছোট-বড় মোট ৭টি চা বাগান। এই সকল চা-বাগানের শ্রমিকরা জ্বালানীসহ অন্যান্য প্রাকৃতিক সম্পদের সরবরাহের জন্য উদ্যানের উপর পুরোপুরি নির্ভরশীল।
- উদ্যানের পূর্ব প্রান্ড়ে প্রায় ১ কি:মি: এলাকা জুড়ে রয়েছে বন বিভাগের জমি। এটি মূলত: তৃণভূমি এলাকা এবং এর মধ্য হতে প্রায় ৭০ হেক্টর এলাকা 'হীড বাংলাদেশ' নামক একটি বেসরকারী উন্নয়ন সংস্থাকে দীর্ঘমেয়াদী লীজ প্রদান করা হয়েছে।
- ১৯৪০ এর দশকে বনায়নের কাজে শ্রমিক সরবরাহের জন্য বন বিভাগ উদ্যান ও সংশি-ষ্ট ল্যান্ডস্কেপ এলাকায় ২টি ফরেস্ট ভিলেজ (মাগুরছড়া পুঞ্জি ও লাউয়াছড়া পুঞ্জি) স্থাপন করে। এ গ্রাম ২টি তে খাসিয়া

ক্ষুদ্র নৃ-জনগোষ্ঠীর প্রায় ৭৩ টি পরিবার বসবাস করে এবং বন বিভাগের জায়গায় পান চাষ করে এবং বন হতে প্রয়োজনীয় অন্যান্য সম্পদ সংগ্রহের মাধ্যমে তাদের জীবিকা নির্বাহ করে।

- ল্যান্ডস্কেপ এলাকার অন্যান্য জমিতে স্থানীয় জনসাধারন সাধারনতঃ বিভিন্ন অর্থকরী ফসল যেমন: পান, লেবু ও আনারস চাষ করে।

৫.৩ ভূমি ব্যবহার এর বর্তমান অবস্থা

- লাউয়াছড়া জাতীয় উদ্যানের ভিতর দু'টি খাসিয়া পুঞ্জিতে প্রায় ১১০ হেক্টর জমি পান চাষের জন্য ব্যবহৃত হচ্ছে
- বন বিভাগের ১১১০ হেক্টর দীর্ঘমেয়াদী সৃজিত বাগান, ১৮৭ হেক্টর স্বল্প মেয়াদী বাগান, ২৫ হেক্টর বাঁশ ও বেত বাগান রয়েছে
- লাউয়াছড়া জাতীয় উদ্যানে অবৈধ বনভূমি দখল অব্যাহত আছে। বর্তমানে প্রায় ৩০০ হেক্টর জমি জবর দখলে আছে।
- বনের অভ্যন্ড়রে যে সকল এলাকায় প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনর"জ্জীবন প্রক্রিয়া সংঘটিত হচ্ছে না এমন কিছু এলাকায় বন বিভাগ ইতিমধ্যে ইনরিচমেন্ট বাগান সৃজন করেছে
- ল্যান্ডস্কেপ এলাকার বিভিন্ন রাস্ড়ার (সড়ক ও জনপথ, ইউনিয়ন পরিষদ, এলজিইডি ইত্যাদি) দুই ধারে অংশীদারিত্বের ভিত্তিতে স্ট্রীপ বা সড়ক বনায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে
- স্থানীয় জনসাধারন ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় পতিত বন এলাকায় কৃষি কাজ মূলতঃ সবজী চাষ করে। কৃষি ও সবজী চাষে উৎপাদিত ফসল তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জনেও সহায়তা করে।

৫.৪ সংলগ্ন গ্রাম সমূহ

লাউয়াছড়া জাতীয় উদ্যানের ল্যান্ডস্কেপ এলাকায় মূলতঃ কমলগঞ্জ ও শ্রীমঙ্গল এ দু'টি উপজেলার সীমানায় বিস্ড়ৃত। উপজেলা ভিত্তিক অন্ড়র্ভূক্ত গ্রামগুলি হল ঃ

কমলগঞ্জ উপজেলা

কালাছড়া, সরইবাড়ি, বাদেউবাহাটা, বনগাঁও, রাসটিলা, ভেড়াছড়া, ছাতকছড়া, বাঘমারা, উঃবালিগাঁও, দঃবালিগাঁও, বাল-ারপাড়, ফুলবাড়ি (চা বাগান), মাগুরছড়াপুঞ্জি, লঙ্গুরপাড়, টিলাগাঁও, ভাষানীগাঁও, নুরজাহান চা বাগান।

শ্রীমঙ্গল উপজেলা

দিলবরনগর, রাধানগর, ডলুছড়া, বিরাইমপুরবস্ড়ি, ভাড়াউরাবস্ড়ি, জাগছড়া, খাইছড়া, সোনাছড়া, গারোবস্ড়ি, কালাপুর, লামুয়া, সিরাজনগর, লাউয়াছড়াপুঞ্জি।

৫.৫ স্টেকহোল্ডার বিশে-ষণ

লাউয়াছড়া জাতীয় উদ্যান সংশি-ষ্ট তিন ধরনের স্টেকহোল্ডার রয়েছে। যথা ঃ

- প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডার ঃ বন বিভাগ, এন জি ও, ইউনিয়ন পরিষদ, বিজিবি এবং পুলিশ

- প্রাথমিক স্টেকহোল্ডার ঃ জ্বালানী কাঠ সংগ্রাহক, অবৈধ বৃক্ষ নিধনকারী ও পাচারকারী, বাঁশ ও কাঠ সংগ্রাহক, শাক-সব্জি সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, বনের জমি জবরদখলকারী, পান চাষি, পর্যটক, শিকারী
- দ্বিতীয় স্ড়রের স্টেকহোল্ডার ঃ কাঠ ব্যবসায়ী, স মিল মালিক, ইট ভাটার মালিক, ফার্নিচার ব্যবসায়ী

৫.৬ কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার

- ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় পতিত বন এলাকায় কৃষি জমিতে ধান ও সবজি চাষ করে স্থানীয় জনসাধারন তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জন করে।
- ল্যান্ডস্কেপ এলাকায় পান, আনারস ও লেবু চাষ বেশ জনপ্রিয় এবং জীবিকা উপার্জনের অন্যতম মাধ্যম
- বসত বাড়ীতে ফলজ গাছ, বনজ গাছ, ঔষধি গাছ রোপন ও পরিচর্যা করা হয়।

৫.৭ বনভুমির অবৈধ দখল

লাউয়াছড়া জাতীয় উদ্যানে অবৈধ বনভূমি দখল অব্যাহত আছে। বর্তমানে প্রায় ৩০০ হেক্টর জমি জবর দখলে আছে। মূলতঃ বাঘমারা, ছাতকছড়া, ভেড়াছড়া, সরইবাড়ি, লঙ্গুরপাড় ও ডলুছড়া টিপরাপাড়ার লোকজন কৃষি কাজে ও বসতভিটা হিসেবে ব্যবহারের জন্য এ জমি জবরদখল করেছে। তাছাড়া ফরেস্ট ভিলেজার ও বনের ভিতর বসবাসকারী দু'টি খাসিয়াপুঞ্জির লোকজনও বেশ কিছু জমি জবরদখল করেছে। এ সমস্ড় জবরদখলকৃত জমি পূনঃর"দ্ধারের পূর্বে তেমন কোন কার্যকর পদক্ষেপ গ্রহন করা হয়নি। তবে বনবিভাগ সামাজিক বনায়ন পদ্ধতির মাধ্যমে জবরদখলকৃত ভূমি উদ্ধারের কার্যকরী পদক্ষেপ গ্রহন করছে।

পার্ট - ২

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশসমূহ

১.০ সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার কৌশলগত দিক এবং বাস্ড়বায়ন সুপারিশমালা

১.১ ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং কৌশল সমূহ ঃ

দীর্ঘ মেয়াদী ব্যবস্থাপনা পরিকল্পনার প্রধান উদ্দেশ্য হল লাউয়াছড়া জাতীয় উদ্যানের অন্ড়র্ভূক্ত সম্ভাব্য সর্বোচ্চ পরিমান বন এলাকা টিকিয়ে রাখা এবং এর নির্বাচিত জীববৈচিত্র্যকে সর্বোচ্চ সম্ভাব্য অবস্থায় ধরে রাখা। এই পরিকল্পনার প্রধান উদ্দেশ্য গুলো নিম্নরূপঃ

- এমন একটি সহ-ব্যবস্থাপনা গড়ে তোলা যা লাউয়াছড়া জাতীয় উদ্যানের জীববৈচিত্র্য সংরক্ষণে গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্ড়বায়নে সাহায্য করবে। এখানে কিছু নির্দিষ্ট এলাকায় স্থানীয় জনগনকে স্টেকহোল্ডার হিসেবে সম্পৃক্ত করা হয়েছে
- সকল স্টেকহোল্ডারদের অংশীদারিত্বের ভিত্তিতে এবং মূল স্টেকহোল্ডার ও স্থানীয় অধিবাসীদের মধ্যে লাভ ভাগাভাগির ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা দলের অনুবর্তী হয়ে জীববৈচিত্র্য সংরক্ষণে কাজ করা।
- রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য পদ্ধতি প্রণয়ন, কর্ম প্রক্রিয়া নির্ধারণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাজের সক্ষমতা অর্জন এবং তা উত্তরোত্তর বৃদ্ধি করা।
- টিকে থাকতে সক্ষম এমন বন্যপ্রাণীকে সংরক্ষণ করা যার অন্ড়র্ভূক্ত থাকবে ভয়াবহ বিপদের সম্মুখীন প্রাণী, হুমকীর মুখে থাকা প্রাণী, সংরক্ষিত প্রাণী, দুর্লভ প্রজাতির গাছ এবং প্রাণী।

- যত দ্রুত সম্ভব উদ্ভিদকুল, প্রাণীকূল ও ভৌত উপাদান সম্পর্কিত বিষয় পুনরুদ্ধার করা এবং বজায় রাখা এবং বনজ প্রতিবেশের উৎপাদনশীলতা ধরে রাখা।
- নির্দিষ্ট কিছু স্থানে পরিবেশবান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের ভ্রমণের জন্য নতুন ট্রেইল নির্মান সহ বৃদ্ধমান ট্রেইলের উন্নয়ন করা।
- সর্বোপরি, বিকল্প আয় সৃষ্টি সংক্রান্ড় কাজে কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় স্টেকহোল্ডারদের বনের উপর নির্ভরশীলতা কমানো, তাদের নিজ কর্মদক্ষতা বৃদ্ধি এবং জীবিকার উন্নয়ন।

উপরোক্ত উদ্দেশ্যগুলো অর্জনের জন্য মুল কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রমগুলোও হাতে নিতে হবে ঃ

- জরিপের মাধ্যমে উদ্যানের সীমানা চিহ্নিত করা
- একটি সহ-ব্যবস্থাপনা মডেল গড়ে তোলা এবং এর সাথে সম্পৃক্ত কাজে সংশি-ষ্ট নীতি বিষয়ক নির্দেশনা প্রণয়ন, সহ-ব্যবস্থাপনাকে রক্ষিত এলাকা সংরক্ষণের সাথে সংগতিপূর্ণ করে গড়ে তোলা যাতে স্টেকহোল্ডারা এর সাথে সম্পৃক্ত থাকে
- জীববৈচিত্র্যের উৎস্যসমূহের জরিপ পরিচালনা করা
- বন বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা যাতে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় নিয়োজিত বনবিভাগটি যথাযথ ভূমিকা রাখতে পারে
- সংরক্ষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং সংরক্ষণ বিষয়ক ইস্যুতে সম্প্রসারন কার্যক্রম গড়ে তোলা
- স্থানীয় স্টেকহোল্ডার এবং বন বিভাগের কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংরক্ষণ ব্যবস্থাপনা, আয়-বৃদ্ধি ও সচেতনতা সৃষ্টিসহ রক্ষিত এলকার সুবিধা উন্নয়ন কার্যকর ভূমিকা পালনের সক্ষমতা অর্জন
- উদ্যানের মধ্যে সংরক্ষণ এবং দর্শনার্থীদের জন্য সুবিধার উন্নয়ন করা
- অংশীদারিত্বের ভিত্তিতে আশেপাশের গ্রামগুলিতে বনায়নের মাধ্যমে বনজ সম্পদের যোগান বৃদ্ধি করা
- দেশীয় জাতের চারার মাধ্যমে বনায়নকে উৎসাহিত করা এবং ধীরে ধীরে বিদেশী জাতের গাছের স্থলে দেশীয় জাতের চারা রোপন করা
- প্রধান স্টেকহোল্ডারদের জন্য বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২ সহ -ব্যবস্থাপনা পদ্ধতি

বাংলাদেশ সরকারের সিদ্ধান্ড় অনুযায়ী প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনায় বিশেষ করে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করা হচ্ছে। সহ-ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী ও সহযোগি সকলেই রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল সুষমভাবে বন্টন এবং ব্যবস্থাপনা ও পরিচালনা বিষয়ে সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে। সকল স্টেকহোল্ডারদের কার্যকরী অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সংরক্ষন ও ব্যবস্থাপনার এই প্রক্রিয়াই হচ্ছে সহ-ব্যবস্থাপনা।

১.২.১ সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্য সমুহ

- রক্ষিত এলাকার জীববৈচিত্র্যের দীর্ঘ মেয়াদী সংরক্ষন নিশ্চিত করার পাশাপাশি স্থানীয় জনসাধারনকে প্রধান স্টেকহোল্ডার হিসাবে অংশ গ্রহনের সুযোগ সৃষ্টি করা

- রক্ষিত এলাকার আশপাশে বসবাসকারী জনগনের অংশগ্রহনভিত্তিক বনজ সম্পদের ব্যবহার ও বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটানো
- রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য অবকাঠামো, প্রশিক্ষন এবং যোগাযোগের সুযোগ-সুবিধা সৃষ্টিসহ উন্নততর প্রশাসনিক কাঠামো নিশ্চিতকরন
- পরিবেশ পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা করা
- স্থানীয় জনগনের পরামর্শ ও সক্রিয় অংশ গ্রহণের মাধ্যম সহ ব্যবস্থাপনা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া
- রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করা এবং প্রয়োজনীয় গবেষণার বিষয় সনাক্ত করা
- জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও এর সাথে খাপ খাওয়ানোর কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করা

১.২.২ সহ ব্যবস্থাপনা সংগঠন সমূহ

সহ-ব্যবস্থাপনা সংগঠন হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সুনির্দিষ্ট রক্ষিত এলাকার ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে নিয়োজিত সংগঠন। এই সংগঠন হচ্ছে সরকার কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট রক্ষিত এলাকার সাথে বিভিন্ন ভাবে সম্পৃক্ত জনগোষ্ঠী ও সরকারি বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত। লাউয়াছড়া জাতীয় উদ্যান ব্যবস্থাপনায় নিয়োজিত সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলো হলো: ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ); পিপল্স ফোরাম (পিএফ); সহ-ব্যবস্থাপনা কাউন্সিল (সিএমসি) এবং সহ-ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)।

প্রাকৃতিক সম্পদসমূহের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের নেটওয়ার্কিং তৈরীর মাধ্যমে নিমোক্ত উদ্দেশ্যগুলো অর্জিত হবে ঃ

- সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের নেটওয়ার্ক তৈরী
- রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনার জন্য কৌশলগত সামর্থ্য উন্নয়ন
- সহ-ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় নতুন নতুন এলাকা অন্ড়র্ভূক্ত করা
- জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যথাযথ কর্মসূচী গ্রহণ এবং এর সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টিতে যথেষ্ট গুর"ত্ব প্রদান করা
- প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ ব্যবস্থাপনা এবং জীববৈচিত্র্য সংরক্ষণে সহযোগিতা বৃদ্ধি করা
- বন নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনা ও বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২.৩ সুবিধা সমূহের বন্টন এবং সহ-ব্যবস্থাপনা চুক্তি

ক) ৫০ শতাংশ রাজস্ব আয় রক্ষিত এলাকার উন্নয়নে ব্যয়

রক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকান্ড হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর জাতীয় উদ্যান ব্যবস্থাপনার মাধ্যমে ব্যয় করার জন্য সহ-ব্যবস্থাপনা সংগঠনের নিকট ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে। যেমন: রক্ষিত এলাকায় দর্শনার্থী কর্তৃক প্রদেয় প্রবেশ ফি এবং স্টুডেন্ট ডরমেটরী ব্যবস্থাপনা হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ সহ-ব্যবস্থাপনা সংগঠনের নিকট পরবর্তী বছর ফেরত দেয়া হয়। এ অর্থ রক্ষিত এলাকার জীববৈচিত্র সংরক্ষন এবং উন্নয়নে ব্যয় করা হয়। এছাড়াও সামাজিক বনায়নের মাধ্যমে উপকারভোগীদের মাধ্যমে সৃষ্ট বন হতে নিম্নর"প ভাবে লভ্যাংশ বন্টিত হয়:

খ) শালবন ব্যতিত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রে ঃ

১) বন অধিদপ্তর ৫০%
২) উপকারভোগী ৪০%

৩) বৃক্ষরোপন তহবিল ১০%

গ) স্থানীয় জনগন নিজেদের উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনাবয়নের ক্ষেত্রে ঃ

১) বন অধিদপ্তর ২৫%

২) উপকারভোগী ৭৫%

ঘ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারি আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রেঃ

১) বন অধিদপ্তর ১০%

২) উপকাভোগী ৭৫%

৩) ভূমির মালিক সংস্থা ১৫%

১.২.৪ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল ঃ

লাউয়াছড়া জাতীয় উদ্যানের অভ্যন্ড়রে এবং আশেপাশে ব্যাপক সংখ্যক জনগন রয়েছে যাদের অধিকাংশের জীবিকা বিদ্যমান বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। এই জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টি, সামাজিক ও সামষ্টিক উন্নয়নে আইপ্যাক প্রকল্প ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল প্রদানের মাধ্যমে গুর"ত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই তহবিল জীববৈচিত্র সংরক্ষন সহ বননির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টিতে সহায়তা করছে। কিন্তু এই বিশাল কর্মকান্ড অন্যান্য সংশি-ষ্টদের সহযোগিতা ছাড়া এককভাবে আইপ্যাক প্রকল্পের মাধ্যমে অর্জন করা সম্ভব নয়। এজন্য নিসর্গ নেটওয়ার্ক সংশি-ষ্ট অংশীদার ও সমর্থনকারী বিভিন্ন সরকারী এবং বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগ ও অংশীদারিত্ব প্রয়োজন। বিকল্প আয় বৃদ্ধি ও ব্যবসায় উদ্যোগ সমূহে সংশি-ষ্ট সংস্থাকে জড়িত করার মাধ্যমে কোন জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব হবে।

২.০ আবাসস্থল পূনর"দ্ধার কর্মসুচি

২.১ উদ্দেশ্যসমূহ

- বণ্যপ্রাণীর স্বাভাবিক প্রজনন ও বিচরণ নিশ্চিত করা
- বণ্যপ্রাণীর আবাসস্থল ধ্বংসের হাত হতে রক্ষা করা
- অবৈধ শিকার ও আহরণ বন্ধ করা
- বিলুপ্তপ্রায় প্রজাতির সংরক্ষণ ও বংশ বৃদ্ধি

২.২ বর্তমান বনাঞ্চল এবং জলাভূমির ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করণ

- লাউয়াছড়া ল্যান্ডস্ক্যাপ এলাকার সম্পদ চিহ্নিত করে প্রস্তুতকৃত বিদ্যমান ম্যাপ হালনাগাদ করা। এ ব্যাপারে বন বিভাগের রিমস্ ইউনিট হতে সহায়তা গ্রহন করা যেতে পারে। উলে-খ্য যে রিমস্ ইউনিট এব্যাপারে ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করছে।

২.৩ সীমানা চিহ্নিতকরণ

- সীমানা চিহ্নিতকরণের জন্য যথাযথভাবে সার্ভে করার পর সীমানা সম্পর্কে নিশ্চিত হওয়া প্রয়োজন। এ বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে সীমানা পিলার স্থাপনা করা যেতে পারে। এর পাশাপাশি সচেতনতা ও

নির্দেশনামূলক সাইনবোর্ড ও বিলবোর্ডও স্থাপন করা প্রয়োজন। ইতিপূর্বে স্থাপিত সাইনবোর্ড ও বিলবোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেরামত ও পূণঃমুদ্রণ করা যেতে পারে।

২.৪ অবৈধভাবে গাছ কাটা/ বনে আগুন দেয়া/ পানি সেচা এবং পশু চরাণো নিয়ন্ত্রণ

- অবৈধ গাছ কাটা নিয়ন্ত্রণে বন বিভাগের কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা প্রয়োজন
- বন টহল দল পূর্ণগঠন ও শক্তিশালী করা প্রয়োজন
- যৌথ টহল দলের জন্য বিকল্প কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে। এক্ষেত্রে, বিভিন্ন প্রকল্প ও দাতা সংস্থা হতে সাহায্য আহবান করা যেতে পারে
- রক্ষাকাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে মাঠকর্মী ও স্থানীয় লোকজনদের কেউ দৃষ্টান্তমূলক অবদান রাখতে পারলে তাকে পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে
- সহ-ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা
- পশু না চরানোর জন্য কাটা তারের বেড়া নির্মাণ করা
- বন নির্ভর দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বিকল্প আয়-বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা
- ল্যান্ডস্ক্যাপ এলাকার সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা
- অবকাঠামো (স্কুল, রাস্তাঘাট, ব্রীজ/কালভার্ট) উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন
- আগুন নির্বাপনী প্রয়োজনীয় যন্ত্র পাতির সরবরাহ করা
- বনে গোচরন বন্ধে গবাদীপশুর মালিকদের অবহিত করা
- বনভূমির অবৈধ দখল মুক্ত করা ও অবৈধ দখলরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহন করা
- সিএম সি ও বন বিভাগের মধ্যে সমন্বয় সভার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করা

৩.০ ব্যবস্থাপনা কার্যক্রম ঃ

এই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হলো ঃ

- হুমকীর সম্মুখীন নির্বাচিত বনাঞ্চলের কার্যকর প্রতিরোধ গড়ে তোলা যাতে করে জীব বৈচিত্র্য রক্ষা পায়
- বনকে উন্নয়ন ও প্রাকৃতিক সংরক্ষণের মাধ্যমে বন্যপ্রাণী বসবাসের উপযোগী করে তোলা
- বনের সম্ভাবনাময় উৎস্যগুলোকে সংরক্ষণ করা যার মধ্যে নির্বাচিত জীববৈচিত্র্যও অন্তর্ভূক্ত থাকবে
- স্টেকহোল্ডারদের পরামর্শ ও কার্যকর অংশগ্রহনের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে শক্তিশালীকরণ।

৩.১ ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা

- ল্যান্ডস্ক্যাপ এলাকায় স্ট্রীপ বনায়ন, সংযোগ সড়ক নির্মাণ, ব্রীজ, কালভার্ট সংস্কার/নির্মান, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন, স্বল্পমূল্যে উন্নত চুলা স্থাপন, ম্যালিরিয়া নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধি ও চিকিৎসা সেবা নিশ্চিত করা প্রয়োজন। এ কাজে অর্থের সংকুলান করতে বিভিন্ন প্রকল্প প্রনয়ন ও দাতা সংস্থাগুলি হতে অর্থ সহায়তা গ্রহনের প্রচেষ্টা চালানো যেতে পারে।
- সহ-ব্যবস্থাপনা কমিটির উন্নয়ন কার্যক্রমের সাথে ল্যান্ডস্ক্যাপ এলাকার কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার উন্নয়ন কার্যক্রমের সাথে সমন্বয় করা প্রয়োজন।

৩.২ রক্ষিত এলাকার মূল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা

৩.২.১ আবাসস্থল উন্নয়ন কার্যক্রম

৩.২.১.১ **এনরিচমেন্ট প-ান্টেশন ঃ** কোর জোনের ক্ষতিগ্রস্থ অংশে যেখানে প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনুর"জ্জীবন প্রক্রিয়া বাধাগ্রস্থ হচ্ছে সেখানে বনায়ন করা ও কপিচ কান্ড ব্যবস্থাপনা করা প্রয়োজন

৩.২.১.২ **ঘাস জমির উন্নয়ন ঃ** তৃণভোজী বণ্যপ্রাণীদের খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে ঘাস বাগান সৃষ্টি করা

৩.২.১.৩ **জলাশয় রক্ষণাবেক্ষণ ঃ** বণ্যপ্রাণীদের জন্য বনের অভ্যন্ড়রে পানীয় জলের সরবরাহ নিশ্চিত করার জন্য জলাশয় খনন ও সংস্কার/পূণঃখনন করা প্রয়োজন।

৩.২.১.৪ **বিশেষ আবাসস্থল রক্ষণাবেক্ষণ ঃ** বিশেষ বিশেষ বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বিশেষ ধরনের আবাসস্থল ব্যবস্থাপনা করা প্রয়োজন। যেমন: উল-ুকের জন্য বড় / লম্বা গাছের আচ্ছাদন রক্ষা প্রয়োজন। বন্যপ্রানীর খাবার প্রাপ্যতা নিশ্চিত করার জন্য আলাদা বনায়ন অথবা বিদ্যমান ফলদ গাছ সংরক্ষণে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।

৩.২.২ আবাসস্থল পূনর"দ্ধার কার্যক্রম

৩.২.২.১ ওয়াটারশেড ব্যবস্থাপনা

- বিদ্যমান ছড়া পূনঃখনন ও প্রযোজ্য ক্ষেত্রে বাঁধ নির্মাণ করা
- শুষ্ক হ্রদ পূনঃখননের মাধ্যমে পানির পর্যাপ্ত প্রবাহ নিশ্চিত করতে ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

৩.২.২.২ পরিবেশ পুনঃর"দ্ধার

- বনকে কোলাহল ও যান্ত্রিক শব্দমুক্ত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন
- পর্যটকদের বিচরণ বনের নির্দিষ্ট এলাকায় সীমাবদ্ধ রাখা
- সচেতনতামূলক সাইনবোর্ড, বিলবোর্ড ইত্যাদি স্থাপন করা
- বর্জ্য ব্যবস্থাপনায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করা
- উদ্যানকে বানিজ্যিক স্বার্থে ব্যবহার না করা
- কার্বন তহবিল হতে অর্জিত আয় পরিবেশ পুনর"দ্ধার ও উন্নয়নে বনায়ন কার্যক্রম পরিচালনায় এবং ল্যান্ডস্ক্যাপ এলাকার বন নির্ভর দরিদ্র জনসাধারণের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ব্যবহার করা

৩.৩ ল্যান্ডস্কেপ অঞ্চল

৩.৩.১ বাফার রিজার্ভ উপ-অঞ্চল

- বাফার জোনে ইতোপূর্বে সৃষ্ট সকল প্রকার বাগান বন নির্ভর উপকারভোগীদের মাঝে অংশীদারীত্বের ভিত্তিতে বন্টন
- নতুন বাফার বাগান সৃষ্টি ও অংশীদারিত্বের ভিত্তিতে নতুন সামাজিক বনায়ন সৃষ্টি করা
- কোর জোন সংরক্ষণে, বাফার ও সামাজিক বনের অংশীদারদের ভূমিকা/দায়-দায়িত্ব নিশ্চিত করার লক্ষ্যে বন বিভাগের সাথে নিয়মিত মতবিনিময় সভার আয়োজন করা

৩.৩.২ ট্রান্সপোর্টেশন করিডোর উপ-অঞ্চল

- উদ্যানের মধ্যে প্রধান সড়কে গতি নিয়ন্ত্রক স্থাপন করা
- সতর্কতা ও সচেতনতামূলক বিলবোর্ড/ম্যাসেজ বোর্ড স্থাপন করা
- ট্রাফিক সিগন্যাল স্থাপন করা
- উচ্চ শব্দ পরিহার/যান্ত্রিক শব্দমূক্ত রাখা
- উদ্যানের প্রধান সড়কে চলাচলকারী সকল প্রকার যানবাহন মালিকদের সমন্বয়ে ফেডারেশন গঠন/সচেতনতা বৃদ্ধি করা

৩.৩.৩ টি-এস্টেট উপ-অঞ্চল

- চা বাগানের শ্রমিক/কর্তৃপক্ষের অংশগ্রহণে পরামর্শ সভা করা
- চা শ্রমিকদের পরিবেশ ও জীব বৈচিত্র্য সংরক্ষণ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা
- চা শ্রমিকদের অংশগ্রহণে গঠিত গ্রাম সংরক্ষণ ফোরামের সদস্যদের সহ-ব্যবস্থাপনা কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করা
- চা শ্রমিকদের শিক্ষা, চিকিৎসা ও আর্থ-সামাজিক উন্নয়নে সচেতনতা বৃদ্ধি করা

৪.০ জীবিকায়ন এবং ভেলু চেইন কর্মসুচি

৪.১ উদ্দেশ্য

- বন নির্ভর জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে বন নির্ভরতা কমিয়ে আনা

৪.২ ভেলু চেইন এবং কনজারভেশন এন্টারপ্রাইজ

৪.২.১ কৃষি এবং উদ্যান বিষয়ক

- স্থানীয় জনগন যেন তাদের উৎপাদিত ফসল ও অন্যান্য দ্রব্যাদির সঠিক মূল্য পায় সে ব্যাপারে তাদেরকে সহযোগিতা এবং তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা।

৪.২.১.১ সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা ঃ

- শাক-সবজি চাষাবাদ, হাঁস-মুরগী পালন,গর ও ছাগল মোটা-তাজা করণ,ফলজ বৃক্ষ রোপন

৪.২.১.২ উচ্চফলনশীল ফসলের চাষাবাদ

- অধিক ফলনশীল ধান, গম, ভূট্টা, মূলা ও আলুর চাষাবাদ
- পান, আনারস ও লেবু চাষাবাদ

৪.২.১.৩ ভিলেজ/কমিউনিটি নার্সারি

- ফলজ ও বনজ বৃক্ষের নার্সারী স্থাপন ও বাজারজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা

৪.২.২ **মৎস্য চাষঃ** ল্যান্ডস্ক্যাপ এলাকার বননির্ভর প্রকৃত মৎস্যচাষীদের নির্বাচন, প্রশিক্ষণ, উপকরণ সহযোগিতা প্রদান ও বাজারজাতকরণের মাধ্যমে প্রকৃত মূল্যপ্রাপ্তি নিশ্চিত করা

৪.২.৩ **বাঁশ সম্পদ উন্নয়নঃ** বিভিন্ন প্রজাতির বাঁশের নার্সারী স্থাপন, রোপন করাসহ উৎপাদন বাড়ানো

৪.২.৪ **হস্তশিল্প এবং তাঁত শিল্পঃ** বাঁশ ও বেতের বিভিন্ন দ্রব্যাদি প্রস্তুতে এবং সেলাই/দর্জি শিল্পের উন্নত প্রশিক্ষণ ও উৎপাদিত দ্রব্যাদি বাজারজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করা

৪.২.৫ উন্নত চুলা

- উন্নত চুলা স্থাপনে দক্ষ কারিগর তৈরী করা
- উন্নত চুলা স্থাপনে ল্যান্ডস্ক্যাপ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করা
- সিএমসি'র উদ্যোগে স্বল্প মূল্যে ল্যান্ডস্ক্যাপ এলাকার জনগণের মাঝে উন্নত চুলা স্থাপন/সরবরাহের ব্যবস্থা করা। এক্ষেত্রে, জিটিজেড এর কাছ থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করা।

সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বন নির্ভর দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে সরকার ও দাতা গোষ্ঠীর সাথে যোগাযোগ, বিষয় ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা।

৫.০ অবকাঠামো উন্নয়ন কর্মসূচী ঃ

৫.১ উদ্দেশ্যসমূহ

- আগত পর্যটকগণ যাতে স্বাচ্ছন্দে লাউয়াছড়া জাতীয় উদ্যান ভ্রমন এবং পর্যাপ্ত জ্ঞান লাভ করতে পারে সেজন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও সুযোগ-সুবিধা নিশ্চিত করা। পরিবেশবান্ধব পর্যটকদের পাশাপাশি বন ব্যবস্থাপনায় নিয়োজিত বন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অবস্থান ও পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা করা।

৫.২ সুবিধাদি ঃ

- উদ্যানে প্রয়োজনীয় টয়লেট, পানিয় জলের ব্যবস্থা করা
- দূর থেকে আগত পর্যটকদের বিশ্রামের জন্য রেষ্ট র্িম/রেষ্ট হাইজ স্থাপন
- পুরাতন পিকনিক স্পট সংস্কার ও সম্প্রসারন
- উদ্যানে বিভিন্ন স্থানে পর্যটকদের বসার জন্য বেঞ্চ স্থাপন
- স্টুডেন্ট ডরমিটরিকে কার্যকরী করা
- প্রকৃতি ব্যাখ্যা কেন্দ্র/ইন্টারপ্রিটিশন সেন্টার স্থাপনকরন
